দৈনিক ইনকিলাব

তারিখ 24 SEP 1987
পৃষ্ঠা 5 কলাম 3

# শিক্ষাঙ্গন

## বালাগঞ্জের শিক্ষাঙ্গন

বালাগঞ্জ উপজেলার ১শ' ৪১টি প্রাথমিক বিদ্যালয় সরকারী, বাকী ৩টি বেসরকারী। উক্ত বিদ্যালয়গুলোতে মোট ৩৫ হাজার ৩শ' ৮৪ জন ছাত্র-ছাত্রী পড়া-লেখা করছে। বিদ্যালয়গুলোতে মোট শিক্ষকের পদ ৪শ' ৭২টি। এখানে কর্মরত আছেন ৩শ' ৭৭জন। ৭৫টি শিক্ষকের পদ শূন্য। বিদ্যালয়গুলো দেখাশুনার জন্যে উপজেলায় ৭জন সহকারী শিক্ষা অফিসার থাকলেও। তাদের অফিস এবং আবাসিক সমস্যায় নিয়মিতভাবে দায়িত্ব পালন করতে পারছেন না। ১৯৮১-৮২ সালে বিশ্বব্যাংক প্রকল্পের অধীনে ৩১টি বিদ্যালয় ভবন পুনঃনির্মাণ ও ১৬টি বিদ্যালয় ভবন নির্মাণ করা হয়। উক্ত ভবনগুলো আজ প্রায় ধ্বংসের মুখোমুখি। তাছাড়া '৮৫-৮৬ সালে উক্ত প্রকল্পে ১শ' ১০টি অতিরিক্ত শ্রেণীকক্ষ ও লেট্রিন নির্মাণের কাজ হাতে নেন এবং প্রত্যেকটির নির্মাণের জন্যে ব্যয় হয় ৯২ হাজার টাকা। সম্প্রতি প্রায় ৭৫টির নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে। নির্মাণকৃত ভবনগুলোতে নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার করার ফলে অধিকাংশ ভবনে ফাটল দেখা দিয়েছে। দরজা জানালাগুলো খসে পড়ার উপক্রম। এগুলো হচ্ছে চান্দাইপাড়া, দক্ষিণ গহরপুর, রুগনপুর, সাদীপুর, দয়ামীর, ঘোষগাও, কুরুয়া চিন্তামনী সরকারী প্রাথমিক বিদ্যালয়। বিধ্বস্ত বিদ্যালয়গুলো হচ্ছে হরিশ্যাম, মনোহরপুর, গালিমপুর, দৌলতপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়। উক্ত বিদ্যালয়গুলোর প্রতি কর্তৃপক্ষের আশু দৃষ্টি নিক্ষেপ প্রয়োজন বলে অভিজ্ঞমহল মনে করেন।

—মোঃ বদরুল আলম চৌধুরী